

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
তেঁতুলিয়া, পঞ্চগড়।

স্মারক নং-১৭৯


তারিখ : ০৪/১২/২০২২খ্রিঃ।

২ (দুই) মাস ব্যাপী কম্পিউটার এন্ড নেটওয়ার্কিং প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে জনগণের দোরগোড়ায় বিনা খরচে কম্পিউটার প্রশিক্ষণ সুবিধা পৌছে দেওয়ার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরাধীন “টেকনোলজি এম পাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডার প্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব ২য় পর্যায়) শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় উপজেলা প্রশাসন, তেঁতুলিয়া ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় এর যৌথ আয়োজনে দুই শিফটে (সকাল ৯ টা হতে ১টা ও বিকাল ১টা হতে ৫টা পর্যন্ত) ৪০ (চল্লিশ) জন যুবক যুব মহিলাকে বিনামূল্যে ০২(দুই) মাস ব্যাপী কম্পিউটার এন্ড নেটওয়ার্কিং প্রশিক্ষণ প্রদান করা হবে। আগামী ১ জানুয়ারী ২০২৩খ্রিঃ তারিখ হতে প্রশিক্ষণ শুরু করা হবে। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের ২০০ টাকা হারে প্রতি কার্যদিবসে যাতায়াত ভাতা ও যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক সনদপত্র প্রদান করা হবে।

আবেদনের যোগ্যতা ও প্রক্রিয়া :-

- ০১। প্রশিক্ষণার্থীকে তেঁতুলিয়া উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রশিক্ষণ উপজেলা সদরে দুইটি শিফটে (সকাল ৯টা হতে ১টা ও বিকাল ১টা হতে ৫টা পর্যন্ত) অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণার্থীদেরকে যে কোন একটি শিফটের জন্য আবেদন করতে হবে।
- ০২। প্রশিক্ষণের মেয়াদ ০২(দুই) মাস। প্রশিক্ষণার্থী নির্বাচনে শিক্ষাগত যোগ্যতা ও বয়স অগ্রাধিকার পাবে।
- ০৩। শিক্ষাগত যোগ্যতা : যুবদের ক্ষেত্রে ন্যূনতম এইচ এস সি পাশ ও যুব মহিলার ক্ষেত্রে ন্যূনতম এস এস সি পাশ হতে হবে।
- ০৪। বয়স : ১৮-৩৫ বছরের মধ্যে হতে হবে।
- ০৫। আবেদন ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় তেঁতুলিয়া পঞ্চগড় হতে পাওয়া যাবে। আবেদন পত্র আগামী ২০/১২/২০২২খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, তেঁতুলিয়া, পঞ্চগড় এ জমা প্রদান করতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।
- ০৬। প্রশিক্ষণে ভর্তিচ্ছু আবেদনকারীদের আগামী ২৭/১২/২০২২খ্রিঃ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় বাছাই পরীক্ষা গ্রহণ করা হবে।
- ০৭। আবেদনের সাথে ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের ফটোকপি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ সংযুক্ত করতে হবে।
- ০৮। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের বিধি মোতাবেক যাতায়াত ভাতা ও যুব উন্নয়ন অধিদপ্তর হতে সনদপত্র প্রদান করা হবে।
- ০৯। আবেদন পত্রে ০২টি মোবাইল নম্বর লিখতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রশিক্ষণার্থীকে মোবাইল ফোনে অবগত করা হবে।


(মোঃ আব্দুস সামাদ প্রধান)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
তেঁতুলিয়া, পঞ্চগড়।